২.৫ অনুবিভাগ-৫: এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এডিবি অনুবিভাগ দেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়নের জন্য গৃহীত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর ঋণ ও কারিগরি সহায়তা গ্রহণ সংক্রান্ত কার্যক্রম, চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং এডিবির অর্থায়নে দেশে/বিদেশে আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা/সভায় বাংলাদেশ সরকারের প্রতিনিধি/কর্মকর্তা মনোনয়ন প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন করে থাকে। এডিবির মূল লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে- অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্য দেশসমূহকে দরিদ্রমুক্ত করা এবং এ অঞ্চলের জনসাধারণের জীবনমানের উন্নয়ন সাধন। এটি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উন্নয়ন সহযোগী সংস্থা। স্বাধীনতা উত্তর ১৯৭৩ সালে সদস্যপদ লাভ করার পর থেকে এ সংস্থা নিরবিচ্ছিন্নভাবে বাংলাদেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়নে সহযোগিতা প্রদান করে আসছে। এশীয় উন্নয়ন তহবিল থেকে রেয়াতি সুবিধায় সর্বাধিক ঋণগ্রহণকারী দেশসমূহের মধ্যে বাংলাদেশ অন্যতম।

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ১৯৬৬ সালের ২২ আগস্ট ০১ লক্ষ শেয়ার ও ৩১টি সদস্যদেশ নিয়ে যাত্রা শুরু করে। বর্তমানে মোট সদস্য সংখ্যা ৬৭। তার মধ্যে এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্যদেশ ৪৮টি। এডিবিতে বাংলাদেশের শেয়ার সংখ্যা ১০৮৩৮৪ যা মোট শেয়ারের ১.০২১%। ভোটের সংখ্যার দিক থেকে বাংলাদেশের ভোট ১.১১৫%।

এডিবি বাংলাদেশকে দুই ধরনের আর্থিক সহায়তা দিয়ে থাকে- একটি ঋণ ও অপরটি অনুদান। ২০১৬ সাল পর্যন্ত এডিবি Asian Development Fund (ADF) হতে সহজ শর্তে এবং Ordinary Capital Resources (OCR) হতে London Inter Bank Offered Rate (LIBOR) ভিত্তিতে ঋণ প্রদান করত। ঋণ প্রদান সক্ষমতা দরিদ্র দেশে বাড়ানোর লক্ষ্যে ২০১৭ সালে এডিবি এটির ADF ও OCR উৎসকে একত্রিত করেছে এবং পূর্বের ন্যায় দরিদ্র দেশসমূহকে সহজ শর্তে OCR ঋণ প্রদান করছে যেটি Ordinary Capital Resources (Concessional) Loan (COL) হিসেবে পরিচিত। COL ঋণের সুদের হার ২% এবং regular OCR ঋণের সুদের হার London Inter Bank Offered Rate (LIBOR) ভিত্তিক। এডিবি প্রদত্ত ঋণ ০৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। এডিবি থেকে ঋণ গ্রহণকারী দেশসমূহ Gross National Income (GNI) per capita এবং Credit Worthiness এর ভিত্তিতে তিন গ্রুপে বিভক্ত।

- Group A (Concessional Assistance Only)
- Group B (OCR Blend)
- Group C (Regular OCR only)

২০০০ সাল থেকে বাংলাদেশ ঋন প্রাপ্তির ক্ষেত্রে এডিবির বি-গ্রুপভূক্ত দেশ হিসেবে গণ্য।

এডিবি তার সদস্য দেশসমূহের চাহিদা মোতাবেক ঋণ/অনুদান প্রদান ছাড়াও Sub-regional Economic Cooperation-এর মাধ্যমে একই অঞ্চলে পাশাপাশি অবস্থিত দেশসমূহের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পরিবহন ও যোগাযোগ, বিদ্যুৎ, তথ্য প্রযুক্তি ও আন্তঃবাণিজ্য সহজীকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এডিবির এ ধরনের ০৫টি Sub-regional Economic Cooperation— এর মধ্যে South Asia Sub- regional Economic Cooperation (SASEC) অন্যতম। বাংলাদেশ, ভুটান, নেপাল ও ভারত SASEC এর সদস্য দেশ এবং বাংলাদেশের জন্য SASEC এর Nodal Official হলেন পদাধিকারবলে এ বিভাগের সচিব।

২.৫.১ বাংলাদেশে আর্থ-সামাজিক উন্নয়নে এডিবির সহায়তা

উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানত বিদ্যুৎ, জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহন, কৃষি, শিক্ষা, পানি সম্পদ ও সুশাসন সেক্টরকে প্রাধান্য দেয় এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ক্ষেত্রে সহায়তা প্রদান করে আসছে। এডিবি অনুবিভাগে ২০১৬-১৭ অর্থ-বছরে ০৯টি বিনিয়োগ প্রকল্প, ১৪টি কারিগরি প্রকল্প এবং ০৫টি আঞ্চলিক কারিগরি সহায়তা (R-CDTA) প্রকল্পে এডিবি মোট ১৮৮৩.৮৩৪ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্রদান করেছে। এ সংক্রান্ত ছকটি সংযোজনী-১ এ দেয়া হলো। ২০১৬-১৭ অর্থ-বছরে সম্পাদিত চুক্তিসমূহের সংক্ষিপ্ত বিবরণঃ

বিনিয়োগ প্রকল্প

Dhaka Water Supply Network Improvement Project

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ১৭ জুলাই ২০১৬। স্থানীয় সরকার বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং ঢাকা ওয়াসা বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ২৭৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ এপ্রিল ২০১৬ থেকে অক্টোবর ২০২১ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল ঢাকা মহানগরীতে ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে শহর অঞ্চলে বসবাসরত জনগোষ্ঠীকে ২৪ ঘণ্টাব্যাপী নিরাপদ পানির সুবিধার আওতায় এনে তাদের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে অবদান রাখা।

Railway Rolling Stock Project

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২৮ সেপ্টেম্বর ২০১৬। রেলপথ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ২০০.০০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৯ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল বাংলাদেশ রেলওয়ের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৫০ টি যাত্রীবাহী কোচ, ১০টি ডিজেল চালিত লোকোমোটিভ, ৪টি রিলিফ ক্রেইন, ২টি ট্রেন ওয়াশিং প্লান্ট এবং লোকো-মাস্টার ট্রেনিং এর জন্য ১টি সিমুলেটর সংগ্রহ করা। এর ফলে আধুনিক, নিরাপদ ও মানসম্পন্ন যাত্রীবাহী গাড়ী পরিচালনার মাধ্যমে যাত্রীসেবা প্রদান, পুরাতন ও মেয়াদ উত্তীর্ণ গাড়ী প্রতিস্থাপন, যাত্রীবাহী গাড়ীর স্বল্পতা দূরীকরণ, ট্রেন পরিচালনার ক্ষেত্রে সময়ানুবর্তিতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ, ভ্রমণ সময় কমিয়ে আনা, নতুন ট্রেন পরিচালনার মাধ্যমে যাত্রী সাধারণের চাহিদা বৃদ্ধি করা এবং রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি করা।

Natural Gas Infrastructure & Efficiency Improvement Investment Project

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২৯ ডিসেম্বর ২০১৬। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এ প্রকল্পের উদ্যোগী বিভাগএবংগ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ (জিটিসিএল) এবং বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিঃ (বিজিএফসিএল) এ ঋণের আওতায় গৃহিত প্রকল্পসমূহের বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ১৬৭ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১৬ হতে জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল- গ্যাস উৎপাদন দক্ষতা বৃদ্ধি করা এবং গ্যাস সঞ্চালন পাইপলাইনের ক্ষমতা সম্প্রসারণ করা।

Second Small and Medium Sized Enterprise Development Project

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ১৮ জানুয়ারি ২০১৭। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ২০০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি ২০১৭ থেকে জুন ২০২১ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল মধ্য ও স্বল্প মেয়াদি ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে ঢাকা ও চট্রগ্রাম সিটি কর্পোরেশন এলাকার বাহিরে দেশের অন্যান্য এলাকায় বিশেষত নগর বহির্ভূত ও গ্রামীণ এলাকায় বেসরকারি খাতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান বিকাশে সহায়তা করা।

Skills for Employment Investment Program (Tranche 2)

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ১৪ ফেব্রুয়ারি ২০১৭। অর্থ বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ১০০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে পুরুষ ও মহিলাদের উপযুক্ত কর্মমূখী প্রশিক্ষণ প্রদান এবং অগ্রাধিকার খাতসমূহে বর্ধিত কর্মসংস্থান সৃষ্টি করা।

Bangladesh Power System Enhancement & Efficiency Improvement Investment Project

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২৯ মে ২০১৭। বিদ্যুৎ বিভাগ এ প্রকল্পের উদ্যোগী বিভাগ এবং পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি), ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ (ডেসকো) এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) এ ঋণের আওতায় গৃহিত প্রকল্পসমূহের বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ৬১৬ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০১৬ হতে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- বাংলাদেশের বিদ্যুৎ খাতে সঞ্চালন এবং বিতরণ সক্ষমতা বৃদ্ধি করে দক্ষ এবং নির্ভরযোগ্য বিদ্যুতে প্রবেশাধিকার নিশ্চিত করা।

SASEC Chittagong –Cox’s Bazar Railway Project Phase 1 (MFF) Tranche 1

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২১ জুন ২০১৭ তারিখ। রেলপথ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ৩০০.০০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল, দোহাজারী হতে রামু হয়ে কক্সবাজার পর্যন্ত ১০২.০০ কিঃমিঃ সিংগেল লাইন ডুয়েলগেজ নতুন ট্র্যাক নির্মাণ করা, যার ফলে পর্যটন শহর কক্সবাজারের সাথে রেলওয়ে সংযোগ স্থাপন; যাত্রী ও মালামাল পরিবহনে রেলওয়ের অংশীদারিত্ব বৃদ্ধি; কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি এবং সেই সাথে চট্টগ্রাম-কক্সবাজার করিডোরের সাথে ট্রান্স এশিয়ান রেলওয়ে করিডোরকে যুক্ত করা। তাছাড়া এ প্রকল্পটি সরকারের অধিক জেলাকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনয়নের স্ট্র্যাটেজীর অংশ এবং বাংলাদেশ রেলওয়ের প্রকল্প বাস্তবায়ন দক্ষতা বৃদ্ধিকরণও এ ঋণের উদ্দেশ্য।

কারিগরি সহায়তা (TA) প্রকল্প

TA for Market and Value Chain Infrastructure Development Project

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ০৫ সেপ্টেম্বর ২০১৬। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমান ০.২২৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়ন মেয়াদ আগষ্ট ২০১৬ থেকে এপ্রিল ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো-To collect information required prior to further project processing such as the location of the value chain; develop standardized design and costs of collection and distribution centres; Assess private sector management options to ensure financial sustainability of the collection and distribution centres; and assess institutional capacity of the agencies involved.

Strengthening Capacity for Environmental Law in the Asia Pacific: Development Environmental Law Champions

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ১৫ নভেম্বর ২০১৬। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয়, সাধারণ কাউন্সিল অফিস এবং International union for Conservation of Nature Academy of Environmental Law (IUCNAEL) বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ১ (এক) মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- To Develop environmental law champions by enhancing the capacity of law professors and university lecturers in ADB's Client Countries.

TA for Second Small and Medium Sized Enterprise Development Project

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ১৭ জানুয়ারি ২০১৭। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ০.২০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ মার্চ ২০১৬ হতে পরবর্তী ০৩ বছর পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- এ সংক্রান্ত বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংককে কারিগরি সহায়তা প্রদান এবং বাংলাদেশ ব্যাংকের সক্ষমতা বৃদ্ধি করা।

TA for Supporting Fourth Primary Education Development Program

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ২২ জানুয়ারি ২০১৭। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় উদ্যোগী বিভাগ এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ০.৮০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ ১ জানুয়ারি ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- PEDP-4 -এর ব্যবস্থাপনার মানোন্নয়নে সাপোর্ট দেয়া।

TA for Supporting Primary Education Development Program

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ২২ জানুয়ারি ২০১৭। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় উদ্যোগী বিভাগ এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ০.৩০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ মার্চ ২০১৭ হতে সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- PEDP-4 এবং SESIP-এর ব্যবস্থাপনার মানোন্নয়ন করা।

Dhaka Metro Project Preparatory Technical Assistance

অনুদান চুক্তি স্বাক্ষরিত হয় ২৩ সেপ্টেম্বর ২০১৫। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ১.৩০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি, ২০১৭ থেকে জুন, ২০১৮ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল ঢাকা মহানগরীর গণপরিবহন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে Revised Strategic Transport Plan (RSTP)- এর সুপারিশ/তথ্যাদি পর্যালোচনা/ মূল্যায়নপূর্বক-এর ভিত্তিতে এডিবি কর্তৃক বিনিয়োগের জন্য একটি অগ্রাধিকার মেট্রো প্রকল্প সুপারিশ করা।

TA for Preparing Khulna 800MW LNG Based Power Plant Project

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ৩১ জানুয়ারি ২০১৭। North-West Power Generation Company Limited (NWPGCL) Implementing Agency হিসাবে দায়িত্ব পালন করছে। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমান ০.২২৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ সেপ্টেম্বর ২০১৬ হতে আগস্ট ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো- The TA will support the due diligence and preparatory work for the ensuing Project.

TA for Ganges-Kobadak Irrigation Modernization Project

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ৩১ জানুয়ারি ২০১৭। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমান ০.২২৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি ২০১৭ হতে জানুয়ারি ২০১৯ পর্যন্ত। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো- To do technical, financial and economic due diligence on existing feasibility studies and on detailed design reports; prepare the loan processing documents required for Board approval; prepare the terms of reference and cost estimates for the GKIMP implementation consultants; facilitate the detailed designs and cost estimates approvals and civil works tendering by the Bangladesh Water Development Board; support the irrigation Management operator and project implementation consultants; and support safeguard due diligence and safeguard activities implementation start-up.

TA for City Region Development Project II

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ২৬ ফেব্রুয়ারি ২০১৭। স্থানীয় সরকার বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ০.৬১৩ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ সেপ্টেম্বর ২০১৬ হতে মার্চ ২০১৮ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- মূল বিনিয়োগ প্রকল্পে অন্তর্ভুক্তির জন্য নগর অঞ্চল নির্বাচনের Criteria ও অগ্রাধিকার তালিকা প্রণয়নের ক্ষেত্রে কারিগরি/আর্থিক/সামাজিক ও পরিবেশগত শর্তাদি যথাযথ প্রতিপালন নিশ্চিতকরণ এবং Development Project Performa (DPP) প্রণয়নে সহায়তাকরণ।

TA for Urban Primary Health Care Services Delivery Project -Additional Financing

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ০২ মার্চ ২০১৭। স্থানীয় সরকার বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ০.৮৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জানুয়ারি ২০১৭ হতে

ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- অতিরিক্ত অর্থ দ্বারা বিনিয়োগ প্রকল্পের আওতায় নতুন প্রকল্প এলাকা নির্ধারণ করণ ও প্রকল্পের Design প্রণয়ন এবং নগর স্বাস্থ্য খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বিশ্লেষণ।

Enhancing Institutional Capacity of Anti Corruption

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ০৮ মার্চ ২০১৭। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং দূর্নীতি দমন কমিশন বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ৮ লক্ষ মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ এপ্রিল ২০১৭ হতে মার্চ ২০২০ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- To Develop an information technology (IT) based investigation and Prosecution Management System to strengthen monitoring and tracking of the status and progress in enquiry, investigation and prosecution of corruption cases, and to enhance the efficiency of ACC officials in handling corruption cases so that average time to complete a corruption case would be reduced.

Investment Assessment and Application of High-Level Technology for Food Security in Asia and the Pacific

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ২৭ এপ্রিল ২০১৭। কৃষি মন্ত্রণালয় এ প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয়। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমান ১.৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ অক্টোবর ২০১৬ হতে অক্টোবর ২০১৯ পর্যন্ত। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো- To pilot Climate Resilient technology in agriculture sector through farmers by providing them the necessary materials and inputs; and Assess the potential of wholesale market by reducing the intermediaries in agricultural supply chain.

Bangladesh Power System Enhancement and Efficiency Improvement Project

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ২৯ মে ২০১৭। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করছে। উক্ত কর্মসূচিতে সহ-অর্থায়নকারী হিসাবে জাপান ফান্ড ফর পভারটি রিডাকশন (জেএফপিআর) ০২ মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করছে। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জুলাই ২০১৬ থেকে জুন ২০২০ পর্যন্ত। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে- বাংলাদেশের বিদ্যুৎ খাতে সঞ্চালন এবং বিতরণ সক্ষমতা বৃদ্ধি করে দক্ষ এবং নির্ভরযোগ্য বিদ্যুতে প্রবেশাধিকার নিশ্চিত করা।

Supporting Low Carbon Development in Asia & the Pacific through Carbon Market

অনুদানচুক্তি স্বাক্ষরিত হয় ১৫ জুন ২০১৭। পরিবেশ ও বন মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং পরিবেশ অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ১.৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হলো- To Provide capacity building and technical support to participating developing member countries in achieving their climate change mitigation ambitions by maximizing opportunities under carbon markets.

আঞ্চলিক কারিগরি সহায়তা (R-CDTA) প্রকল্প

২০১৬-১৭ অর্থ-বছরে এডিবির সংগে নিম্নোক্ত আঞ্চলিক কারিগরি সহায়তা (R-CDTA) প্রকল্পে অর্থায়ন সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছেঃ

(in million US$)

SI	Project Name	Amount
1	Action on Climate Change in South Asia	0.382
2	Promoting South-South Cooperation in Flood Risk Management	0.60
3	Building Sustainable Food & Nutrition Security in Asia & the Pacific	1.0
4	Improving Institutional Capacity on Preparing Energy Efficiency Investments	2.00
5	Promoting and Scaling Up Solar Photovoltaic Power Through Knowledge Management and Pilot Testing in Bangladesh and Nepal	1.514

২.৫.২ ২০১৬-১৭ অর্থ-বছরে এডিবি অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম

লোন নেগোসিয়েশন

২০১৬-১৭ অর্থ-বছরে মোট ১৩৪৩ মিলিয়ন মার্কিন ডলারের নিম্নোক্ত ০৫টি প্রকল্পের লোন নেগোসিয়েশন অনুষ্ঠিত হয়েছে।

1. Natural Gas Infrastructure & Efficiency Improvement Project
2. Bangladesh Power System Enhancement & Efficiency Improvement Project
3. Third Public Private Infrastructure Development Facility Project (Tranche-1)
4. Skills for Employment Investment Program (Tranche 2)

5. Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project- Additional Financing

এডিবি অনুবিভাগের কার্যক্রম সংশ্লিষ্ট ২০১৬-১৭ অর্থ-বছরে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ সভা

বাংলাদেশে অর্থায়ন বিষয়ে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিসহ এডিবি'র সাথে তাদের সম্ভাব্য সহায়তা ও বিদ্যমান প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনাসহ বিভিন্ন দ্বিপাক্ষিক বিষয়ে দেশে ও বিদেশে নিম্নোক্ত সভা অনুষ্ঠিত হয়েছে।

দেশে অনুষ্ঠিত সভা

- Country Programming Mission (CPM): বিভিন্ন উন্নয়ন প্রকল্পে এডিবি'র অর্থায়ন নির্ধারণ বিষয়ে আলোচনার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিসহ এডিবি'র সাথে ০৩টি Country Programming Mission (CPM) সভা অনুষ্ঠিত হয়।
- Country Portfolio Review Meeting: বাংলাদেশ বিভিন্ন উন্নয়ন প্রকল্পে এডিবি'র অর্থায়ন নির্ধারণ বিষয়ে আলোচনার জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিসহ এডিবি'র সাথে ০৩টি Country Portfolio Review Meeting (CPRM) অনুষ্ঠিত হয়।
- Tripartite Portfolio Review Meeting (TPRM): এডিবি'র আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ইআরডি, প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা এবং এডিবি'র মধ্যে ০৩টি Tripartite Portfolio Review Meeting অনুষ্ঠিত হয়েছে।
- Wrap up Meeting: এডিবি'র আর্থিক সহায়তা চূড়ান্তকরণ ও প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য Consultation Mission/Fact-Finding Mission/Loan Review Mission কালে মোট ৩৮টি Wrap up Meeting অনুষ্ঠিত হয়।
- আন্তঃমন্ত্রণালয় সভাঃ এডিবি'র ঋণ সহায়তা গ্রহণের জন্য লোন নেগোসিয়েশনের প্রস্তাব পাওয়ার পর Draft Loan Document এর উপর আলোচনার লক্ষ্যে ও চলমান প্রকল্প কর্মসূচীর বাস্তবায়ন সমস্যা নিয়ে আলোচনার জন্য ০৬টি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।
- অনুবিভাগ সমন্বয় সভাঃ এডিবি অনুবিভাগের কার্যক্রম পর্যালোচনার জন্য ০৩টি অনুবিভাগ সমন্বয় সভা করা হয়;
- অন্যান্যঃ ADB Economic Corridor Development Study; Country Partnership Strategy)CPS) (2016-2020)- এর Lunching Ceremony; National Consultation Workshop on Draft SASEC Vision Document; B riefingmeeting on Bangladesh Southwest Economic Corridor Development Study, Workshop on Economic Corridor Development Study এবং Additional Currency Choices for Concessional Loans- শীর্ষক অন্যান্য ০৬ (ছয়) টি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়।

বিদেশে অনুষ্ঠিত সভা

- এডিবি'র বার্ষিক সভাঃ এডিবির কার্যক্রম বাৎসরিক ভিত্তিতে পর্যালোচনা ও গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণের বিষয়ে প্রতিবছর এ সংস্থার (BoG)-র সভা যে কোন একটি সদস্য দেশে অনুষ্ঠিত হয়। এ পর্যন্ত ৫০টি এডিবি'র বার্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। সর্বশেষ ৫০ তম বার্ষিক সভাটি গত ৪ - ৭ মে ২০১৭ সময়কালে জাপানের ইয়োকোহামা নগরীতে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ থেকে মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, প্রধান (এডিবি অনুবিভাগ), ও সিনিয়র সহকারী সচিব) সহ ১৩ (১-এডিবি)তেরস (দস্য বিশিষ্ট বাংলাদেশ প্রতিনিধিদল উক্ত সভায় যোগদান করেছে। উল্লেখ্য, মাননীয় অর্থমন্ত্রী এডিবি'র BoG-র গভর্নর এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মহোদয় বিকল্প গভর্নর।

- SASEC Nodal Official Meeting: এডিবির উদ্যোগে গত ৪ - ৭ মে ২০১৭ সময়কালে জাপানের ইয়োকোহামা নগরীতে অনুষ্ঠিত এডিবির বার্ষিক সভার Sideline Meeting হিসাবে SASEC Nodal Official Meeting অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইআরডির সচিব, প্রধান (এডিবি অনুবিভাগ), ও সিনিয়র সহকারী সচিব যোগদান (১-এডিবি) করেন।

সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ

এডিবির উদ্যোগে ২০১৬-১৭ অর্থ-বছরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে মোট ১৭৪ জন অংশগ্রহণকারী দেশের বাহিরে মোট ৭৪টি সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ করে।

২.৫.৩ এডিবি'র উর্ধ্বতন অফিসিয়ালদের বাংলাদেশ সফরঃ

গত ৩০ জুলাই থেকে ৪ আগস্ট ২০১৬ সময়ে নেপাল সরকারের অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মহোদয়ের নেতৃত্বে ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি সরকারি প্রতিনিধিদল বাংলাদেশ সফর করেন। গত ২৫ - ২৭ নভেম্বর ২০১৬ সময়ে এডিবি'র Ms. Deborah Stokes, Vice President (Admin & Corporate Management) এবং Mr. Christopher Stephens, General Counsel বাংলাদেশ সফর করেন এবং গত ২৫- ২৬ সময়ে ঢাকায় অনুষ্ঠিত Environment and Climate Change- শীর্ষক South Asia Judicial Conference-এ অংশগ্রহণ করেন। গত ৬ - ৯ ফেব্রুয়ারি ২০১৭ সময়ে এডিবি'র Vice-President (Operations 1) Mr. Wencai Zhang বাংলাদেশ সফর করেন এবং গত ৮ - ৯ ফেব্রুয়ারি ২০১৭ সময়ে ঢাকায় অনুষ্ঠিত Asia-Pacific Business Forum-এ অংশগ্রহণ করেন। গত ১৭ - ১৯ এপ্রিল ২০১৭ সময়ে এডিবি'র Director General of South Asia Department Mr. Hun Kim বাংলাদেশ সফর করেন। গত ১০ - ১২ মে ২০১৭ সময়ে এডিবি'র Principal Director, Department of External Relations Mr. Satinder Bindra বাংলাদেশ সফর করেন।

২.৫.৪ এডিবি'র অর্থায়নপুষ্ট চলমান কর্মসূচি/প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

এডিবির অর্থায়নে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতায় বর্তমানে ৪১টি বিনিয়োগ কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নাধীন/চলমান রয়েছে। চলমান কর্মসূচি/প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য সংযোজনী-২ এ দেয়া হলো।

মাননীয়